CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2019/TDC/ODD/SEM/**
**BNGHCC–301T/055**

**TDC (CBCS) Odd Semester Exam., 2019**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–301T

( বাংলা ভাষাতত্ত্ব )

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

প্রতিটি গুচ্ছ থেকে উত্তর দেওয়া আবশ্যক

**গুচ্ছ—১**

১। সংক্ষিপ্ত উত্তর দাও ( যে কোনো দুটি) : ২×২=৪

(ক) ভারতীয় আর্যভাষাকে কয়টি স্তরে ভাগ করা হয়েছে? স্তরগুলোর নাম উল্লেখ করো।

(খ) প্রাচীন ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো এবং এই সময়ে রচিত প্রাচীনতম নিদর্শনের নাম লেখো।

(গ) মধ্যভারতীয় আর্যভাষায় কয়টি উপস্তর লক্ষ্য করেছেন ভাষাবিদরা? অশোকের অনুশাসন মধ্যভারতীয় আর্যভাষার কোন্ স্তরের ভাষায় রচিত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার লক্ষণসমূহের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) প্রাকৃত ভাষা কাকে বলে? প্রচলিত প্রাকৃতগুলোর নাম উল্লেখ করে যে কোনো একটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

গুচ্ছ—২

৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) কোন্ ভাষামূল থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে? বাংলা ভাষার প্রাকৃত পূর্বসূরির নাম কী?

(খ) বাংলা ভাষার হাজার বছরের বিবর্তনের ইতিহাসকে কয়টি স্তরে ভাগ করা হয়েছে? স্তরগুলোর নাম লেখো।

(গ) 'টালত মোর ঘর,'—অধিকরণে বিভক্তি স্থানে 'ত' এর ব্যবহার কোন্ স্তরের বাংলা ভাষার বিশেষত্ব? আদি-মধ্যযুগের বাংলা ভাষার একমাত্র প্রামাণিক নিদর্শনটির নাম কী?

৪। (ক) আদি-মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।





গুচ্ছ—৩

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) উপভাষা কাকে বলে?

(খ) আদর্শ বা মান্য বাংলা ভাষার উৎসস্থল কোন্ উপভাষা? দোষ>দুষ, চোর>চুর—এরকম 'ও'র স্থানে 'উ' উচ্চারণ আধুনিক বাংলার কোন্ উপভাষায় পরিলক্ষিত হয়?

(গ) 'তেল' শব্দের আদি অর্থ ছিল 'তিলের নির্যাস'। বর্তমানে শব্দটি যে কোনো শস্য, ফুল ও ফলের নির্যাস অর্থে ব্যবহৃত হয়। এরকম অর্থ পরিবর্তনের পশ্চাতে যে কারণটি রয়েছে সে কারণটির নাম কী এবং অর্থ পরিবর্তনের কোন্ ধারা এখানে অনুসৃত হয়েছে?

৬। (ক) উদাহরণসহ 'বঙ্গালী' অথবা 'কামরূপী' উপভাষার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের যে কোনো দুটি ধারার পরিচয় দাও।

গুচ্ছ—৪

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) বাক্যতত্ত্ব বলতে কী বোঝায়?

(খ) বাংলা ভাষায় বাক্যের পদক্রমের মূল সূত্রটি লেখো।

(গ) 'ধ্বনি-স্থানান্তর' ও 'সমাক্ষর লোপ'-এর একটি করে উদাহরণ দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৮। (ক) বাংলা ভাষায় শুদ্ধ বাক্য গঠনে পদবিন্যাসের সাধারণ নিয়মগুলো সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'ধ্বনি আগম'—ধ্বনি পরিবর্তনের এই ধারাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

**গুচ্ছ—৫**

৯। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) নিচের দুটি বাক্যে কোন্ কারকে কোন্ বিভক্তি প্রয়োগ হয়েছে নির্ণয় করো :

(১) তিলে তেল হয়।

(২) তিলে তেল আছে।

(খ) নিমিত্ত কারকের সংজ্ঞা লেখো।

(গ) 'সমাস' ও 'ব্যাস' শব্দের অর্থ লেখো।

১০। (ক) কারক কাকে বলে? কারক কত প্রকার ও কী কী? সব ধরণের কারকেই যে 'এ' বিভক্তির প্রয়োগ হতে পারে তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

*অথবা*

(খ) কর্মধারয় সমাস কাকে বলে? উপমান কর্মধারয়, উপমিত কর্মধারয় ও রূপক কর্মধারয় সমাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

2019/TDC/ODD/SEM/
BNGHCC–302T/056

**TDC (CBCS) Odd Semester Exam., 2019**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–302T

**( উনিশ শতকের বাংলা কবিতা ও কথাসাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

**প্রতিটি গুচ্ছ থেকে দুই নম্বরের যে কোনো দুটি এবং দশ নম্বরের যে কোনো একটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক**

## ক—গুচ্ছ

১। (ক) গীতিকবিতার সংজ্ঞা দাও। ২

(খ) উনিশ শতকের যে কোনো দুজন মহিলা গীতিকবির নাম উল্লেখ করো। ২

(গ) অক্ষয়কুমার বড়াল-এর যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো। ২

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। (ক) উনিশ শতকের নবজাগৃতির পটভূমিতে নারীর প্রণয়িনীরূপ ফুটে উঠেছে 'সুরবালা' কবিতায়। বিশ্লেষণ করো। ১০

(খ) "তাঁহার কবিতায় আর্টের সংযম নাই, কিন্তু অসংযমের আর্ট আছে।" দেবেন্দ্রনাথ সেন সম্বন্ধে এই মন্তব্য কতটা সমর্থনযোগ্য, পর্যালোচনা করো। ১০

## খ—গুচ্ছ

৩। (ক) শূর্পনখা কে? ২

(খ) পঞ্চবটী বনের সংক্ষিপ্ত বর্ণনা দাও। ২

(গ) 'সংস্ক্রিয়া' শব্দের অর্থ কী? ২

৪। (ক) 'মেঘনাদবধ কাব্য'-এর নায়ক কে? রাবণ না ইন্দ্রজিৎ? বিশ্লেষণ করো। ১০

(খ) "'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গটি কাব্যের মূল কাহিনী হইতে বিচ্ছিন্ন এবং মূল প্রয়োজন সিদ্ধির পথে নিরর্থক।" এই মন্তব্য অবলম্বন করে চতুর্থ সর্গের উপযোগিতা আলোচনা করো। ১০

## গ—গুচ্ছ

৫। (ক) 'রজনী' উপন্যাস কোন্ পত্রিকায়, কত বঙ্গাব্দে প্রথম প্রকাশিত হয়? ২

(খ) কোন্ ইংরেজি উপন্যাসের আংশিক প্রভাব 'রজনী' উপন্যাসে পাওয়া যায়? ২

(গ) 'রজনী' উপন্যাসে কয়টি খণ্ড আছে? ২





৬। (ক) মনস্তাত্ত্বিক উপন্যাস হিসেবে 'রজনী'র সার্থকতা ব্যাখ্যা করো। ১০

(খ) 'রজনী' উপন্যাসে উপকাহিনি ব্যবহারের যৌক্তিকতা নিরূপণ করো। ১০

## ঘ—গুচ্ছ

৭। (ক) তারকনাথ গঙ্গোপাধ্যায়ের জন্ম ও মৃত্যুসাল উল্লেখ করো। ২

(খ) 'স্বর্ণলতা' উপন্যাসের ইংরেজি অনুবাদ-গ্রন্থের নাম কী? ২

(গ) 'স্বর্ণলতা' উপন্যাসের ইংরেজি অনুবাদকের নাম কী? ২

৮। (ক) 'স্বর্ণলতা' উপন্যাস অবলম্বনে স্বর্ণলতা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

(খ) 'স্বর্ণলতা' উপন্যাসে উপকাহিনি প্রয়োগের সার্থকতা বিচার করো। ১০

## ঙ—গুচ্ছ

৯। (ক) 'দুরাশা' গল্পে কোন্ বিদ্রোহের কথা উল্লিখিত হয়েছে? কত সালে বিদ্রোহ হয়েছিল? ২

(খ) 'দুরাশা' গল্পে নবাবপুত্রী কত বৎসর পর এবং কোথায় কেশরলালকে দেখতে পেয়েছিলেন? ২

(গ) 'বিচারক' গল্পে 'গণিকা'র দুটি নাম কী কী? ২

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১০। (ক) "সুদূরস্পর্শিতার ইঙ্গিতের মাধ্যমে গল্পের সমাপ্তিকে এক লোকোত্তর সাঙ্গীতিক ব্যঞ্জনায় উত্তীর্ণ করে দেওয়ার অসামান্য শিল্প-দক্ষতার পরিচয় আছে 'অতিথি' গল্পে।" মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

(খ) " 'ক্ষুধিত পাষাণ' গল্পে সময়ের ভূমিকা নিছক বহিরঙ্গ উপাদান মাত্র হয়নি, তা অন্তর্বাহী সময়ের এক গভীরতর মাত্রা পেয়েছে।" পর্যালোচনা করো। ১০

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2019/TDC/ODD/SEM/**
**BNGHCC–303T/057**

**TDC (CBCS) Odd Semester Exam., 2019**

BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–303T

**( বাংলা আত্মকথা ও প্রবন্ধ )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## ক—বিভাগ

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বাংলা সাহিত্যের প্রথম প্রকাশিত আত্মজীবনী কোনটি? আত্মজীবনীটি কখন প্রকাশিত হয়?

(খ) কী কারণে রাসসুন্দরী লেখাপড়া শিখতে উদ্যোগী হয়েছিলেন?

(গ) আত্মজীবনীর সংজ্ঞা দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) রাসসুন্দরীর 'আমার জীবন' সমাজ ইতিহাসের মূল্যবান উপাদান—আলোচনা করো।

(খ) উনিশ শতকের শিক্ষা প্রসঙ্গ বিশেষত নারীশিক্ষা প্রসঙ্গটি রাসসুন্দরীর আত্মকথায় ঘুরে ফিরে এসেছে—তোমার নিজের ভাষায় বিষয়টি লিপিবদ্ধ করো।

## খ—বিভাগ

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'আপনকথা' কী ধরনের গ্রন্থ? 'আপনকথা'র লেখক কে?

(খ) লেখক 'আপনকথা'কে কয়টি শিরোনামে বিন্যস্ত করেছেন? যে কোনো একটি শিরোনামের উল্লেখ করো।

(গ) পদ্মদাসীর পরিচয় দাও।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''যারা কেবল শুনতে চায় আপনকথা,.... সেই শিশু-জগতের সত্যিকার রাজা-রাণী, বাদশা-বেগম তাদেরই জন্যে আমার এই লেখা পাতা ক'খানা।'' লেখকের বক্তব্য পাঠ্যবই অবলম্বনে আলোচনা করো।

(খ) 'আপনকথা'র অন্তর্ভুক্ত যে কোনো দুটি শীর্ষনাম-কেন্দ্রিক অধ্যায়ের নির্যাস নিজের ভাষায় লিপিবদ্ধ করো।





## গ—বিভাগ

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকার নাম কী?

(খ) টীকা লেখো : ভারতচন্দ্র।

(গ) ''এ দেশে লাইব্রেরির সার্থকতা হাসপাতালের চাইতে কিছু কম নয় এবং স্কুল, কলেজের চাইতে কিছু বেশী।'' উদ্ধৃত পঙক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? প্রবন্ধটি কবে প্রকাশিত হয়?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) প্রমথ চৌধুরীর মতে সাহিত্যের উদ্দেশ্য কী? 'সাহিত্যে খেলা' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

(খ) 'ভারতচন্দ্র' প্রবন্ধে প্রমথ চৌধুরী ভারতচন্দ্রের যে মূল্যায়ন করেছেন তার একটা সংক্ষিপ্ত প্রতিবেদন প্রস্তুত করো।

## ঘ—বিভাগ

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) দু'শ বছরের বাংলা প্রবন্ধ সাহিত্যের অন্তর্গত 'মধুসূদনের রাজসিকতা' প্রবন্ধটির লেখক কে? মধুসূদনের লেখা মহাকাব্য কোনটি?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(খ) তোমার পাঠ্য-তালিকাভুক্ত সৈয়দ মুজতবা আলীর লেখা প্রবন্ধটির শীর্ষনাম কী? বাইবেল শব্দের অর্থ কী?

(গ) টীকা লেখো : বীঠোফেন *অথবা* শেক্সপীয়র।

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'শিল্পকলার কথা' প্রবন্ধ অবলম্বনে আর্টের সংজ্ঞা, স্বরূপ ও উপকরণ নিয়ে আলোচনা করো।

(খ) 'বই কেনা' প্রবন্ধে বইপড়া, বই কেনার উপর লেখকের উপলব্ধ ভাবনার নির্যাস নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

## ঙ—বিভাগ

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'অবরোধবাসিনী' কাকে উৎসর্গ করেছেন রোকেয়া? 'অবরোধবাসিনী'তে মোট কয়টি কাহিনি রয়েছে?

(খ) 'অবরোধবাসিনী' গ্রন্থের প্রবন্ধগুলো ধারাবাহিকভাবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল এবং গ্রন্থাকারে কত সালে প্রকাশিত হয়?

(গ) রোকেয়ার পুরো নাম কী? বেগম রোকেয়া প্রতিষ্ঠিত বালিকা বিদ্যালয়ের নাম লেখো।





১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ব্যঙ্গ বিদ্রুপ হাস্যরস পরিবেশনের মধ্য দিয়ে বাস্তব অভিজ্ঞতালব্ধ ঘটনাকেই তুলে ধরেছেন রোকেয়া তাঁর প্রতিবেদনে। কয়েকটি ঘটনা উল্লেখক্রমে বিষয়টি স্পষ্ট করো।

(খ) পর্দার আড়ালে যন্ত্রণাদগ্ধ জীবনের কাহিনি লিপিবদ্ধ করেছেন রোকেয়া তাঁর লেখনীতে—'অবরোধবাসিনী' অবলম্বনে আলোচনা করো।

★★★